



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

২০২৫ সালের অনার্স ১ম বর্ষ ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ১৪.০৫.২০২৬ খ্রি.

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৪.০৫.২০২৬ খ্রি. তারিখের জাতীয়বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬/১৯২২নং স্মারক মোতাবেক ২০২৫ সালের ১ম বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ১৩.০৫.২০২৬ খ্রি. তারিখ থেকে আরম্ভ হয়েছে। এ লক্ষ্যে চট্টগ্রাম কলেজের শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://ems.nu.ac.bd/student-login> হতে ফরম সংগ্রহ করে উপায়/রকেট/বিকাশ/সেলপিন অ্যাপস মাধ্যমে নিম্নবর্ণিত ফি আগামী ০৭.০৬.২০২৬ খ্রি. থেকে ১১.০৬.২০২৬ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগে আবেদন ফরম ও ফি জমাদানের রশিদ জমা দিয়ে ফরম পূরণের কাজ সম্পন্ন করতে হবে।

| ক্রমিক নং | বিষয়ের নাম | ফি এর পরিমাণ | পূরণকৃত ফরম নিজ নিজ বিভাগের জমাদেয়ার শেষ তারিখ | বিভাগ আবেদনফরম ফি যাচাই করে এন্ট্রি দিয়ে অফিসে জমা দেয়ার তারিখ |
|--------------|---|-----------------|---|--|
| ০১ | বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান ও অর্থনীতি | ৩৩২৫.০০ | ১১.০৬.২০২৬ সময় বিকাল ১:০০ টার মধ্যে | ১৭.০৬.২০২৬ বিকাল ৩:০০ টায় |
| ০২ | পদার্থবিজ্ঞান এবং গণিত | ৪৪২৫.০০ | | |
| ০৩ | রসায়নবিজ্ঞান এবং পরিসংখ্যান | ৪৬৭৫.০০ | | |
| ০৪ | উদ্ভিদবিজ্ঞান এবং প্রাণিবিজ্ঞান | ৪৬০০.০০ | | |
| ০৫ | মনোবিজ্ঞান | ৪০৫০.০০ | | |
| ০৬ | ভূগোল ও পরিবেশ (মানবিক) | ৪০৫০.০০ | | |
| ০৭ | ভূগোল ও পরিবেশ (বিজ্ঞান) | ৪৬০০.০০ | | |
| ০৮ | গ্রেড উন্নয়ন: শুধু এক পত্রের জন্য | | | ১৪৫০.০০ |
| | (বিঃদ্র: গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরবর্তী প্রতি পত্রের জন্য ৩০০/- টাকা হারে অতিরিক্ত প্রদান করতে হবে) | | | |
| ০৯ | * কোনো শিক্ষার্থী Conditional Promoted (C- Promoted) থাকলে নির্ধারিত ফি এর সাথে অতিরিক্ত অন্তর্ভুক্তি ফি ১৫০০/- (একহাজার পাঁচশত) টাকা প্রদান করতে হবে। * ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদেরকে ৫৫৫০/- (পাঁচ হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা জমা দিতে হবে। | | | |

শিক্ষার্থীদের করণীয়:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://ems.nu.ac.bd/student-login> এ গিয়ে পরীক্ষার্থীগণকে রেজিস্ট্রেশনকার্ডে উল্লিখিত বিষয় কোড দেখে এবং শিক্ষার্থীর মোবাইল নম্বর উল্লেখপূর্বক আবেদন ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।

ফরম পূরণের ফি এবং ফি জমাদানের ডিজিটাল রশিদসহ ফরম অবশ্যই বিভাগে জমা দিতে হবে। ফরম জমা না দিলে তার নিশ্চায়ন করা হবে না।



ফি পরিশোধের নিয়মাবলী (শিক্ষার্থীদের জন্য)

- ১। বিকাশ/উপায়/রকেট/সোনালী ই-ওয়ালেট / সেলপিন অ্যাপসে লগইন করতে হবে। এডুকেশন ফি (Education fee) অ্যাপসে পে বিল Chittagong College সিলেক্ট করে রেজিস্ট্রেশন কার্ডের ১১ ডিজিটের রেজিঃনম্বর এবং নিয়মিত শিক্ষার্থীদের ক্লাস রোলনম্বর (যেখানে যেটি প্রযোজ্য) দিয়ে ফি এর পরিমাণ চেক করে ফি পরিশোধ করতে হবে।
- ২। ফি পরিশোধের ডিজিটাল রশিদ ০৩ (তিন) কপি প্রিন্ট করে আগামী ১১.০৬.২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টার মধ্যে নিজ-নিজ বিভাগে ফরমসহ ফি জমাদানের ডিজিটাল রশিদ জমা দিতে হবে।
- ৩। যে সকল শিক্ষার্থী এক বা একাধিক বিষয় এবং এক পত্র ও দুই পত্র ফরম পূরণ করবে সে ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম সংগ্রহ করে কলেজের ফরম পূরণ সংক্রান্ত ওয়েবসাইটে <http://ctgcollege.eshiksabd.com> লিংকে গিয়ে ইউজার আইডি **ctgstudent** এবং পাসওয়ার্ড **ctgstudent** দিয়ে লগইন করে Improvement Form fill-up অপশনে ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর /ক্লাস রোলনম্বর দিয়ে (যেখানে যেটি প্রযোজ্য) বিষয়কোড এন্ট্রি দিয়ে উপরোক্ত নিয়মে ফি পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে নিজ-নিজ বিভাগের সেমিনার সহকারীর সহযোগিতা নেয়া যেতে পারে।
- ৪। এ্যাপসে ফি এর পরিমাণ কম/বেশি হলে তাৎক্ষণিক নিজ-নিজ বিভাগের সেমিনার সহকারী বা কলেজ অফিসের ১০৪ নং কক্ষে সংশ্লিষ্ট অফিস সহকারী জনাব আবদুল মতিন (মোবাইল নম্বর : ০১৮১৩৮০৮০৯৮) এর নিকট যোগাযোগ করতে হবে।

বিভাগের করণীয়:

- ক। বিভাগের অনার্স ১ম বর্ষ পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের যোগ্য শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন নম্বর/ ক্লাস রোল নামের তালিকার হার্ডকপি আগামী ১৮.০৫.২০২৬ খ্রি. তারিখ দুপুর ২:০০ টার মধ্যে কলেজ অফিসের সংশ্লিষ্ট শাখায় এবং সফটকপি (এক্সেল) কলেজের ইমেইলে ctgcollege@yahoo.com এ প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- খ। বিভাগকর্তৃক শিক্ষার্থীদের জমাকৃত ফরম ক্রমানুসারে সাজিয়ে, নিশ্চায়নের বিবরণী এবং ফি পরিশোধের ডিজিটাল তালিকা ১৭.০৬.২০২৬ খ্রি তারিখ দুপুর ১:০০ টার মধ্যে কলেজ অফিসের সংশ্লিষ্ট শাখায় জমাদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। নিশ্চায়ন তালিকা (ফরম পূরণ বিবরণী) ও ফি পরিশোধের ডিজিটাল তালিকা একই হতে হবে।



(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)
14.05.2026

আইডি নম্বর: ০০৮৫২৮

অধ্যক্ষ

১৪/৫/২০২৬
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

অনুলিপি :

- ১। উপাধ্যক্ষ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ২। সকল সম্মানিত বিভাগীয় প্রধান, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
- ৪। বিজ্ঞপ্তি ফলকসমূহ
- ৫। অফিস নথি।